


আরও প্রোগ্রামিং রিসোর্স

এখানে কিছু প্রোগ্রামিং ওয়েবসাইট ও রিসোর্স আছে যেখান থেকে তুমি প্রোগ্রামিংয়ের আরও আনন্দ নিতে পারো ও শিখতে পারো!



Code.org

কোড ডট অরগ: কোড ডট অরগ ওয়েবসাইটে ছোট ছোট অনেক প্রোগ্রামিং একটিভিটি দেয়া আছে, একদম নতুন থেকে শুরু করে পরিপক্ব শিক্ষার্থীদের জন্য। এই একটিভিটিগুলো বেশ মজার ও আওয়ার অফ কোড এর এক একটি অনুশীলনী ১ ঘন্টায়ই করা যায়। ঘুরে আসো: <https://code.org/>

মাইক্রো:বিট নিয়ে আরও জানো:

makecode.microbit.org/projects ওয়েবসাইটে অনেক নতুন প্রোজেক্ট আইডিয়া দেয়া আছে যেগুলো তুমি নিজে ও বন্ধুরা মিলে বানাতে ও খেলতে পারবে। ইউটিউবেও তুমি অনেক ভিডিও রিসোর্স খুঁজে পাবে মাইক্রোবিট নিয়ে।



ফ্রি কোড ক্যাম্প (FreeCodeCamp) : FreeCodeCamp সবার জন্য সহজে প্রোগ্রামিং শেখার একটা দুর্দান্ত সাইট। <https://learn.freecodecamp.org/> এই ঠিকানায় গিয়ে তুমি ফ্রিতে রেজিস্ট্রেশন করে ফেলতে পারবে তোমার গুগল বা ফেসবুক অ্যাকাউন্ট দিয়ে। এই সাইটটিতে Javascript, HTML, CSS তথা Web Development এর উপর অনেক সমৃদ্ধ লার্নিং রিসোর্স আছে। এছাড়াও আছে Data Structure এবং Algorithm শেখার সুযোগ।

Sololearn: <https://www.sololearn.com/> এই

ওয়েবসাইটে গিয়ে তোমরা C, C++, Python, Java, Javascript, HTML, CSS, PHP, SQL সহ আরো অনেক প্রোগ্রামিং language শিখতে পারবে। Sololearn এর একটি মোবাইল অ্যাপও আছে।



Codecademy তে প্রফেশনাল প্রোগ্রামিং শেখা: তুমি যদি প্রোগ্রামিংয়ে আরও একধাপ এগিয়ে যেতে চাও এবং দক্ষ প্রোগ্রামার হতে চাও তাহলে Codecademy তে তোমার জন্য দারুন সব রিসোর্স আছে। অনেক প্রোগ্রামিং ভাষা এখান থেকে বিনামূল্যে শেখা যায়, যেগুলো সাধারণ কাজে ও বিশেষায়িত কোন কাজে যেমন ডাটা এনালাইসিস ও ওয়েব প্রোগ্রামিংয়ে ব্যবহার করা যায়। Codecademy একটি এপ হিসাবে কানো কম্পিউটারে ব্যবহার করা যায়। এছাড়াও সরাসরি www.codecademy.com. ভিজিট করতে পারো।

